

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৮.০০৮.১৮-৮৭৩/বস


তারিখ- ২৫/১১/২০১৮খ্রিঃ।

বিষয়ঃ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মসূলে অনুপস্থিত এবং অনেতিকভাবে অর্থ প্রহর এর জন্য ২য় কারণ দর্শনোর নোটিশ প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৭.২৭.০০১.১৮-১০, তারিখঃ ৩০/১০/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আপনি জনাব মোঃ আব্দুর রাজ্জাক, অফিস সহায়ক, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিউট এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৮.০০৮.১৮-৬৭৯(৮), তারিখ- ১৪/১০/২০১৮ মোতাবেক সংযুক্ত কর্মকর্তা (এপিএ বাস্তবায়ন সেল) কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বিষয়টি তদন্ত করা হয়। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, আপনি শোলক ভিস্ট্রোরিয়া মাধ্যমিক বিদ্যালয় এর একজন ল্যাব এসিস্টেন্ট (ড্রেস মেকিং) কে এমপিও ভূত্ত করণের আশ্বাসের মাধ্যমে তার কাছ থেকে অর্থ প্রহর করেন। এছাড়াও, আপনি বদলীকৃত কর্মসূল, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিউট এ যোগদান না করে তদন্ত রিপোর্ট মোতাবেক অদ্যাবধি মোট ৫০২ (পাঁচ শত দুই) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মসূলে অনুপস্থিত রয়েছেন বলে প্রমাণিত হয়েছে। আপনার একাপ আচরণ গুরুত্বপূর্ণ প্রদানের পর্যায়ভূক্ত। যা “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮” এর ধারা ৩। (খ), ৩। (গ) ও ৩। (ঘ) ধারা এর পরিপন্থি ও শাস্তিযোগ্য অপরাধ।

২। যেহেতু, আপনার উক্ত আচরণের কারণে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা’ ২০১৮” এর ৩। (খ), ৩। (গ) ও ৩। (ঘ) ধারা মতে “অসদাচরণ”, “পলায়ন” ও “দুর্নীতি” এর সামিল। তাই কেন আপনাকে গুরুত্বপূর্ণ আরোপের আওতায় চাকুরী হতে বরখাস্ত করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী ববাবর লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হল। লিখিত বক্তব্যের অতিরিক্ত হিসেবে ব্যক্তিগত শুনানী চান কিনা তাও নিম্নস্বাক্ষরকারী ববাবর জানানোর জন্য নির্দেশ প্রদান করা হল।


(অশোক কুমার বিশ্বাস)
মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
ফোন-০২-৯১১০৬৮৯

বর্তমান ঠিকানাঃ

জনাব মোঃ আব্দুর রাজ্জাক
অফিস সহায়ক
বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিউট, রাঙামাটি পার্বত্য জেলা।
কাপ্তাই, রাঙামাটি পার্বত্য জেলা।

স্থায়ী ঠিকানাঃ

গ্রাম-পৌলী, ডাকঘর-মানিকগঞ্জ,
থানা-মানিকগঞ্জ, জেলা-মানিকগঞ্জ।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৮.০০৮.১৮-৮৭৩/বস(৩)

তারিখ- ২৫/১১/২০১৮খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যাবর্থে অনুলিপি দেয়া হলঃ-

- ১। অধ্যক্ষ, বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিউট, কাপ্তাই, রাঙামাটি পার্বত্য জেলা।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭। পেট্রটি ওয়েব সাইটে দেওয়ার জন্য অনুরোধ জানানো হল।
৩। সংশ্লিষ্ট নথি।